

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭১৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীসে যে সংখ্যা উল্লেখ করা হয়েছে, তার চেয়ে কম দিনের সফরের বৈধতা উদ্দেশ্য নয় মর্মে চতুর্থ হাদীস

ذِكْرُ خَبَرِ رَابِعٍ يَدْلُّ عَلَى أَنَّ هَذَا الزَّجْرَ الَّذِي خُصَّ بِهَذَا الْعَدَدِ لَيْسَ الْقَصْدُ فِي إِبَاحَةِ
اَسْتِعْمَالِهِ فِيمَا دُونَهُ

আরবী

2715 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدَ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا
عُثْمَانُ بْنُ عُمَرَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي ذِئْبٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ
هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَا يَحِلُّ لَامْرَأَةٍ تَؤْمِنُ بِاللَّهِ
وَالْيَوْمِ الْآخِرِ أَنْ تَسَافِرَ يَوْمًا وَاحِدًا؛ لِيْسَ مَعَهَا ذُو مَحْرَمٍ)

الراوي : أبو هريرة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2715 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1516 و 1570)، ((الإرواء)) (567): ق.

قَالَ أَبُو حَاتِمٍ: سَمِعَ هَذَا الْخَبَرَ سَعِيدُ الْمَقْبُرِيُّ عَنْ أَبِي هُرَيْرَةَ وَسَمِعَهُ مِنْ أَبِيهِ عَنْ أَبِيهِ
هُرَيْرَةَ فَالطَّرِيقَانُ مَحْفُوظَانُ

বাংলা

২৭১৫. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
বলেছেন, ‘আল্লাহ ও পরকালের উপর বিশ্বাসী কোন নারীর জন্য বৈধ নয় মাহরাম ছাড়া এক দিন সফর
করা।’”[1]

আবু হাতিম ইবনু হিবান রহিমাল্লাহ বলেন, “এই হাদীসটি সাঁজ্দ মাকবুরী আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু
থেকে শ্রবণ করেছেন এবং তিনি হাদীস তার বাবার মাধ্যমেও আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে শ্রবণ
করেছেন। কাজেই দুটো বর্ণনা সূত্রই মাহফুয় বা সহীহ।”

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৯৭৯; মুসনাদ ইমাম শাফেতী: ১/২৮৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৫২৪; সুনান
বাইহাকী: ৩/১৩৯; বাগাবী: ১৮৪৯; তিরমিয়ী: ১১৭০; আবু দাউদ: ১৭২৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা
নাসিরুল্লাহ আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫১৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92045>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন